




বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



মুজিব শতবর্ষ ১০০

স্মারক নং-বামাশিবো/প্রশা/সিলেট-১০৬/ ১৬৪/৬

তারিখ: ১৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৩৫৪/২০২০ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে


সূত্র: ১। জনাব আসাদুর রহমান (অপসারণকৃত ভারপ্রাপ্ত সুপার) এর দরখাস্ত তাং ০৯/০৭/২০২০ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৩৫৪/২০২০;
৩। নং-বামাশিবো/প্রশা/সিলেট-১০৬/৮০/৫; তারিখ: ১৫/১০/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সিলেট জেলার সদর উপজেলাধীন শাহপারান জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব আসাদুর রহমান (অপসারণকৃত ভারপ্রাপ্ত সুপার) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৩৫৪/২০২০ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০৮/০৯/২০২০খ্রিঃ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ০২.১১.২০২০খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব আসাদুর রহমান (অপসারণকৃত ভারপ্রাপ্ত সুপার), ভারপ্রাপ্ত সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব ওলিউর রহমান, ভারপ্রাপ্ত সুপার জনাব আবু ছালেহ মুসা এবং অপসারণকৃত ভারপ্রাপ্ত সুপার জনাব আসাদুর রহমান বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব আসাদুর রহমান (অপসারণকৃত ভারপ্রাপ্ত সুপার) এর ভারপ্রাপ্ত সুপারের পদ থেকে অপসারণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় জনাব আসাদুর রহমান (অপসারণকৃত ভারপ্রাপ্ত সুপার)-কে বিধি মোতাবেক স্ব পদে দায়িত্ব পালনের সুযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


তারিখ: ৩১/১২/২০২০
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

প্রাপকঃ


১. সভাপতি, শাহপারান জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, সিলেট;
২. ভারপ্রাপ্ত সুপার, শাহপারান জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, সিলেট;
৩. জনাব আসাদুর রহমান, শাহপারান জামেয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সদর, সিলেট।

স্মারক নং-বামাশিবো/প্রশা/সিলেট-১০৬/ ১৬৪/৬

তারিখ: ১৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, সিলেট;
৪. জেলা শিক্ষা অফিসার, সিলেট;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিলেট;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


তারিখ: ৩১/১২/২০২০
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd